রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ১৭, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

রাজনৈতিক শাখা-৪

## আদেশ

তারিখ, ১৭ই ফেব্রুয়ারি ১৯৯৯ ইং/৫ই ফাল্গুন ১৪০৫ বাং

এস, আর, ও নং ২৪-আইন/৯৯ ইং বিবিধ-৭/৯১ (রাজ-৪)—যেহেতু সরকার আগামী ২৩শে ফেব্রুয়ারি হইতে ২৫শে ফেব্রুয়ারি পর্যন্ত বাংলাদেশের ৫৬টি জেলার এতদসংগে সংযুক্ত তালিকায় উল্লিখিত ১৩৭টি পৌরসভায় অনুষ্ঠেয় সাধারণ নির্বাচন উপলক্ষ্যে সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করার উদ্দেশ্যে লাইসেন্সধারী অস্ত্র মালিকদের সংশ্লিষ্ট কোন নির্বাচনী এলাকায় অস্ত্রসহ চলাফেরা করার উপর জনস্বার্থে নিষেধাজ্ঞা আরোপ করা সমীচীন বলিয়া মনে করে;

সেহেতু Arms Act, 1878 (XI of 1878) এর section 17A(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জনস্বার্থে উপরিউক্ত নির্বাচনী পৌর এলাকায় আগামী ২১-০২-৯৯ তারিখ সন্ধ্যা ০৬-০০ টা হইতে ২৬-০২-৯৯ তারিখ সন্ধ্যা ০৬-০০ টা পর্যন্ত সময়কালে লাইসেন্সধারী সকল অস্ত্র মালিককে অস্ত্রসহ চলাফেরা করার উপর নিষেধাজ্ঞা আরোপ করিল। যাহারা এই আদেশ লংঘন করিবেন তাঁহাদের বিরুদ্ধে উক্ত আইনের section 17A এর sub-section (2)-তে বর্ণিত ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২। এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথাঃ—

(ক) নির্বাচনে আইন-শৃংখলা রক্ষার সহিত সম্পৃক্ত শৃংখলা বাহিনীর সকল সদস্য;

(খ) বিভিন্ন সরকারী, আধাসরকারী এবং বেসরকারী দপ্তর, প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত নিরাপত্তা প্রহরীগণ।

ব্যাখ্যা—এই আদেশে "শৃংখলা বাহিনী" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৫২ অনুচ্ছেদে সংজ্ঞায়িত শৃংখলা বাহিনী।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ আশিকুল হক চৌধুরী
উপ-সচিব (রাজনৈতিক)।

---

পৌরসভা সাধারণ নির্বাচন, ১৯৯৯

জেলাভিত্তিক পৌরসভাসমূহের তালিকা

| ক্রমিক নং | জেলার নাম | পৌরসভার নাম |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১। | ঠাকুরগাঁও | পীরগঞ্জ, ঠাকুরগাঁও |
| ২। | দিনাজপুর | সেতাবগঞ্জ, বিরামপুর, ফুলবাড়ী, দিনাজপুর, পার্বতীপুর |
| ৩। | নিলফামারী | সৈয়দপুর, নীলফামারী |
| ৪। | রংপুর | রংপুর, হারাগাছ, উলিপুর |
| ৫। | কুড়িগ্রাম | কুড়িগ্রাম |
| ৬। | গাইবান্ধা | গাইবান্ধা, গোবিন্দগঞ্জ |
| ৭। | জয়পুরহাট | জয়পুরহাট, পাঁচবিবি |
| ৮। | বগুড়া | বগুড়া, শেরপুর, শান্তাহার |
| ৯। | নওগাঁ | নওগাঁ |
| ১০। | নবাবগঞ্জ | নবাবগঞ্জ, রহনপুর |
| ১১। | রাজশাহী | চারঘাট, গোদাগাড়ী, তানোর |
| ১২। | নাটোর | নাটোর, গুরুদাশপুর |
| ১৩। | সিরাজগঞ্জ | সিরাজগঞ্জ, উল্লাপাড়া, শাহজাদপুর |
| ১৪। | পাবনা | পাবনা, বেড়া, ফরিদপুর, সাথিয়া, চাটমোহর, ঈশ্বরদী |
| ১৫। | পঞ্চগড় | পঞ্চগড় |
| ১৬। | লালমনিরহাট | লালমনিরহাট |
| ১৭। | কুষ্টিয়া | কুমারখালী, মিরপুর, ভেড়ামারা, কুষ্টিয়া |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ১৮। | চুয়াডাংগা | জীবননগর, আলমডাংগা, দর্শনা |
| ১৯। | মেহেরপুর | মেহেরপুর |
| ২০। | ঝিনাইদহ | ঝিনাইদহ, কালিগঞ্জ, কোটচাঁদপুর, মহেষপুর |
| ২১। | যশোহর | যশোহর, মনিরামপুর, নওয়াপাড়া |
| ২২। | নড়াইল | নড়াইল, কালিয়া |
| ২৩। | বাগেরহাট | বাগেরহাট, মংগলাপোর্ট |
| ২৪। | খুলনা | পাইকগাছা |
| ২৫। | সাতক্ষীরা | সাতক্ষীরা |
| ২৬। | বরগুনা | বরগুনা, পাথরঘাটা |
| ২৭। | পিরোজপুর | পিরোজপুর, মঠবাড়িয়া |
| ২৮। | বরিশাল | বাকেরগঞ্জ, বানারিপাড়া |
| ২৯। | ঝালকাঠি | ঝালকাঠি, নলছিটি |
| ৩০। | ভোলা | চরফেশন, বোরহানউদ্দিন, দৌলতখান |
| ৩১। | পটুয়াখালী | পটুয়াখালী |
| ৩২। | টাংগাইল | টাংগাইল, গোপালপুর, ভুঞাপুর মধুপুর, ঘাটাইল, ধনবাড়ী |
| ৩৩। | ময়মনসিংহ | ময়মনসিংহ, গৌরীপুর, ঈশ্বরগঞ্জ, নান্দাইল, মুক্তাগাছা, ত্রিশাল, ভালুকা। |
| ৩৪। | নেত্রকোনা | নেত্রকোনা, মোহনগঞ্জ, দুর্গাপুর |
| ৩৫। | কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ, বাজিতপুর, ভৈরব |
| ৩৬। | শেরপুর | শেরপুর, নালিতাবাড়ী |
| ৩৭। | নরসিংদী | নরসিংদী |
| ৩৮। | ফরিদপুর | ফরিদপুর |
| ৩৯। | মাদারীপুর | মাদারীপুর, শিবচর, কালকিনি |
| ৪০। | গোপালগঞ্জ | টুংগীপাড়া, গোপালগঞ্জ, কোটালীপাড়া |
| ৪১। | জামালপুর | জামালপুর |
| ৪২। | মুন্সিগঞ্জ | মুন্সিগঞ্জ, মিরকাদিম |
| ৪৩। | রাজবাড়ী | রাজবাড়ী, পাংশা |
| ৪৪। | শরিয়তপুর | নড়িয়া, ডামুড্যা, ভেদরগঞ্জ |
| ৪৫। | সুনামগঞ্জ | সুনামগঞ্জ, ছাতক, |
| ৪৬। | হবিগঞ্জ | হবিগঞ্জ, নবিগঞ্জ, মাধবপুর, শায়েস্তাগঞ্জ |
| ৪৭। | মৌলভীবাজার | মৌলভীবাজার, শ্রীমংগল, কুলাউড়া |
| ৪৮। | কুমিল্লা | দাউদকান্দি, চান্দিনা, বরুড়া |
| ৪৯। | চাঁদপুর | হাজীগঞ্জ, চেংগাচর, মতলব, কচুয়া |
| ৫০। | লক্ষীপুর | লক্ষীপুর, রায়পুর, রামগঞ্জ |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ৫১। | নোয়াখালী | নোয়াখালী, কবিরহাট, বসুরহাট, চাটখিল |
| ৫২। | চট্টগ্রাম | পটিয়া |
| ৫৩। | পার্বত্য খাগড়াছড়ি | খাগড়াছড়ি |
| ৫৪। | পার্বত্য রাঙ্গামাটি | রাঙ্গামাটি |
| ৫৫। | ব্রাহ্মণবাড়িয়া | ব্রাহ্মণবাড়িয়া |
| ৫৬। | পার্বত্য বান্দরবান | বান্দরবান |

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়
ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।